

(৫০০৮০)

তারবার্তা : বাংলাব্যাংক  
দুরালাপনী : ৭১২৬১০১-২০  
ফ্যাক্স : ৭১২০৩৬২

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

এফআইডি সার্কুলার নম্বর: ০৯

তারিখ: ১৪ সেপ্টেম্বর, ২০০৫  
৩০ ভাঁ ১৪১২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী,  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**কর্মকর্তা/কর্মচারী নিয়োগের পুসঙ্গে।**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ অননুমোদিত পন্থায় এক আর্থিক প্রতিষ্ঠান ত্যাগ করে অন্য আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংকে যোগান করেছে বা করছে। আর্থিক প্রতিষ্ঠান ত্যাগকারী এরূপ কর্মকর্তাদের অনেকে ব্যক্তিগত বা অন্যভাবে পূর্বতন আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংকের নিকট ঋণগ্রহণ থাকা অবস্থায় অন্য প্রতিষ্ঠানে যোগান করেছে বলেও অভিযোগ পাওয়া গেছে। এরূপ প্রবণতা আর্থিক খাতের শৃংখলার পরিপন্থী এবং এর ফলে সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংকের কার্যক্রমে অচলাবস্থার সৃষ্টি হতে পারে। উপরোক্ত পর্যালোচনার প্রেক্ষিতে আর্থিক প্রতিষ্ঠানের মানব সম্পদের শৃংখলা বজায় রাখা এবং তা ব্যবহারের ক্ষেত্রে শৃংখলার পরিপন্থী কার্যকলাপ রোধকল্পে নিম্নলিখিত নীতিমালা অনুসরণের জন্য আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা প্রদান করা যাচ্ছে :

- যদি কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোন শৃঙ্খলামূলক কেসের কার্যক্রম অনিষ্পন্ন অবস্থায় না থাকে, তবে সংশ্লিষ্ট পূর্বত্যাগকারী কর্মকর্তা/কর্মচারী পূর্বত্যাগপত্র প্রদানের ০৭(সাত) দিনের মধ্যে গ্রহণীয় হবে এবং আর্থিক ঋণ-পেনা, যদি থাকে, সমন্বিত হওয়া সাপেক্ষে তিনি অব্যাহতি প্রাপ্ত হবেন।
- যদি কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে শৃঙ্খলামূলক কেস বিবেচনাধীন থাকে তাহলে সেক্ষেত্রে ০১(এক) মাসের মধ্যে চাকুরী বিধি মোতাবেক কেসটি নিষ্পত্তি করতে হবে।
- নতুন কর্মস্থলে যোগানের ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীর পূর্ববর্তী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের ছাড়পত্র প্রদান আবশ্যিক হবে।
- যদি আর্থিক প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা/কর্মচারী অর্থ আত্মসাৎ, দুর্নীতি, জাল-জালিয়াতি, নৈতিক স্বলনজনিত কারণে চাকুরী হতে বরখাস্ত হন, তাহলে তিনি পরবর্তী কোন আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংক কোম্পানীর চাকুরীতে নিয়োগের অযোগ্য হবেন।
- যদি কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোন কেসের তদন্ত অনিষ্পন্ন থাকা অবস্থায় তার পূর্বত্যাগপত্র গৃহীত হয় এবং নতুন কর্মস্থলে যোগানের পর পূর্ববর্তী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে কৃত উপরের 'ঘ' ক্রমিকে বর্ণিত অনিয়মের অভিযোগ প্রমাণিত হয়, তবে তাকে চাকুরী হতে বরখাস্ত করার ব্যাপারে পূর্ববর্তী আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংক কর্তৃপক্ষ বাংলাদেশ ব্যাংকের অবগতি সাপেক্ষে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক যোগানকৃত নতুন আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংককে অনুরোধ করবে। উক্ত অনুরোধ মোতাবেক ০৩(তিন) সপ্তাহের মধ্যে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গৃহীত না হলে অনুরোধ জ্ঞাপনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান বিষয়টি বাংলাদেশ ব্যাংককে অবহিত করবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ এর ১৮(ছ) ধারার আওতায় এ নির্দেশ জারী করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনার বিশ্বস্ত

(সুধীর চন্দ্র দাস)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৯৫৬।